



মোঃ মাকরুজ্জামান
সচিব (ভারপ্রাপ্ত)
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েবসাইট: www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

“মোংলা বন্দর হাসপাতালে দন্ত ইউনিটের শুভ উদ্বোধন”

২০ ডিসেম্বর, ২০২২ তারিখ সকাল এগারো ঘটিকায় মোংলা বন্দর হাসপাতালে দন্ত ইউনিটের “শুভ উদ্বোধন” করেন বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা। এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোঃ আব্দুল ওয়াদুদ তরফদার সদস্য (হারবার ও মেরিন), মোঃ শাহিনুর আলম পরিচালক (প্রশাসন), ডাঃ মোঃ আবদুল হামিদ প্রধান চিকিৎসা কর্মকর্তা, মোংলা বন্দরের অন্যান্য কর্মকর্তা, হাসপাতালের চিকিৎসক, নার্স এবং কর্মচারীবৃন্দ। মোংলা বন্দর হাসপাতাল প্রতিষ্ঠিত হলেও এ পর্যন্ত কোন দন্ত ইউনিট না থাকায় বন্দরের কর্মকর্তা ও কর্মচারীরা এ হাসপাতালে দন্ত চিকিৎসা নিতে পারতো না। বর্তমানে হাসপাতালে দন্ত ইউনিট চালু হওয়ায় মোংলা বন্দরের কর্মকর্তা ও কর্মচারী ও তাদের পোষ্যগণ বন্দর হাসপাতালেই দন্ত রোগের চিকিৎসা পাবেন। আধুনিক যন্ত্রপাতি সমৃদ্ধ একটি স্বয়ংসম্পূর্ণ ডেন্টাল ইউনিটে বিজ্ঞ সার্জন দ্বারা সকাল ৯.০০ ঘটিকা-বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত রোগীরা চিকিৎসা পাবেন।

স্বাক্ষরিত-
সচিব (ভারপ্রাপ্ত)

